



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2023

BENGALI

উনিশ শতকের গদ্য ও কাব্য

CORE-7

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।

পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ১×১০ = ১০
- (ক) বাংলা ভাষার প্রথম সাময়িক পত্রিকা কোনটি ?
(খ) 'নববিবিবিলাস' গ্রন্থটি কার লেখা ?
(গ) রামমোহন রায়ের দুটি গ্রন্থের নাম লেখো।
(ঘ) রামরাম বসুর দুটি গ্রন্থের নাম লেখো।
(ঙ) প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কি ?
(চ) 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
(ছ) বাংলা ভাষায় লেখা দুটি মহাকাব্যের নাম লেখো।
(জ) 'বীরাঙ্গনা' কোন কাব্যের অনুসরণে লেখা ?
(ঝ) 'ভূগোল' ও 'পদার্থবিদ্যা' গ্রন্থ দুটি কার লেখা ?
(ঞ) বাংলা ভাষার দু'জন মহিলা কবির একটি করে কাব্যের নাম লেখো।
(ট) 'সম্বাদ কৌমুদী' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
(ঠ) রঙ্গলালের দুটি আখ্যান কাব্যের নাম লেখো।
(ড) ঈশ্বরগুপ্তের দুটি খাদ্য বিষয়ক কবিতার নাম লেখো।
(ঢ) কামিনী রায়ের দুটি কবিতার নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো: ৫×১ = ৫
- (ক) সম্বাদ কৌমুদী
(খ) কবি গোবিন্দচন্দ্র দাস
(গ) সাধের আসন।
- ৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১ = ১০
- (ক) বাংলা গদ্যভাষার বিকাশে রামমোহন রায়ের অবদান আলোচনা করো।
(খ) 'ঈশ্বরগুপ্ত কবিওয়ালের উত্তরসূরী' — আলোচনা করো।
(গ) 'সোমের প্রতি তারা' পত্রিকার অনুসারে 'তারা' চরিত্রের আলোচনা করো।
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১৫×১ = ১৫
- (ক) 'বিহারীলাল চক্রবর্তী যত বড় ভাবুক ছিলেন, তত বড় কবি নন' — সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।
(খ) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান আলোচনা করো।
(গ) বাংলা আখ্যান কাব্যের ধারায় নবীনচন্দ্র সেনের কৃতিত্ব বিশ্লেষণ করো।

—x—